

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা

www.shniyd.gov.bd

Email:-shnycbd@gmail.com

বিষয় : শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত সভা।

সভাপতিঃ- মোঃ রফিকুল ইসলাম(রেজিস্ট্রার)

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

তারিখঃ- ২০/০৯/২০২২খ্রি.(৫আশ্বিন, ১৪২৯বঙ্গাব্দ)

বার ও সময়ঃ- মঙ্গল বার ও সকাল-১০.০০ঘটিকা

স্থানঃ- সম্মেলন কক্ষ, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

উপস্থিতিঃ পরিশিষ্ট-“ক”

সভায় সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন যথাযথ ক্রয় পরিকল্পনা প্রনয়ন ও তার সঠিক বাস্তবায়ন ইনস্টিটিউটের ব্যয়ের স্বচ্ছতার জন্য গুরুত্বপূর্ণ। তিনি যথা সময়ে ক্রয় পরিকল্পনা প্রনয়নের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করার অনুরোধ জানান। জনাব আব্দুল জব্বার সহকারী পরিচালক(অর্থ) সভায় জানান ইনস্টিটিউটের ২০২২-২০২৩ ইং অর্থ বছরে মোট বরাদ্দ-১৩৯৭.০০(মাত্র তেরো কোটি সাতানব্বই লক্ষ) টাকা। মোট বরাদ্দের ১ম কিস্তিতে ৩৪৯.২৫লক্ষ (মাত্র তিন কোটি উনপঞ্চাশ লক্ষ পচিশ হাজার) টাকা ছাড় করা হয়েছে। ১ম কিস্তির প্রাপ্ত বরাদ্দ হতে অদ্যাবধি-১৯৩.২২ (মাত্র এক কোটি তিরানব্বই লক্ষ বাইশ হাজার) টাকা ব্যয় হয়েছে। বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী ১ম কিস্তির টাকা হতে প্রশিক্ষণ খাতে ১৬২.৩০(মাত্র এক কোটি বাষট্টি লক্ষ ত্রিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। সম্মানী খাতে ব্যয় হয়েছে ০০.৬৮.(মাত্র আটষট্টি হাজার) টাকা। শ্রমিক মজুরী খাতে ২.৪৬ (দুই লক্ষ ছেচল্লিশ হাজার)টাকা। বিদ্যুৎ খাতে ৬.৬৪ (মাত্র ছয় লক্ষ চৌষট্টি হাজার)টাকা। প্রচার ও বিজ্ঞাপন খাতে ব্যয় ০.৪৮ (আটচল্লিশ হাজার) টাকা। অনিয়মিত শ্রমিক মজুরী খাতে ৩.৩৫ (তিন লক্ষ পঁয়ত্রিশ হাজার)টাকা, ব্যবস্থাপনা খাতে-২.৯৮ (মাত্র দুই লক্ষ আটানব্বই হাজার)টাকা, পেট্রোল ও লুব্রিকেন্ট খাতে-১.৭১ (এক লক্ষ একাত্তর হাজার)টাকা, গ্যাস ও জ্বালানী খাতে ০.৪৫ (পঁয়তাল্লিশ হাজার)টাকা , অন্যান্য মেরামত ও সংস্কার ৫.৯৯ (পাঁচ লক্ষ নিরানব্বই হাজার)টাকা ও আসবাবপত্র খাতে ২.৯৬ (দুই লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকা ব্যয় হয়েছে।

ক্রয় পরিকল্পনা পর্যালোচনা করে দেখা যায় যে, পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম অব্যাহত আছে। সভায় পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম স্বচ্ছতার সাথে সম্পন্ন করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

২০.০৯.২২
মোঃ রফিকুল ইসলাম
রেজিস্ট্রার

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

স্মারক নং-৩৪.০৬.২৬৭২.০০০.২০.০০১.১৯ - ১ ২০২২

তারিখঃ- ২০-০৯-২০২২

অনুলিপি বিতরণঃ-(জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

০২। উপপরিচালক(প্রশাঃ ও অর্থ/প্রশিক্ষণ) শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

০৩। সহকারী পরিচালক (প্রশাসন/অর্থ/প্রশিক্ষণ) শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী।

০৫। অফিস কপি।

২৪.৯.২২
মোঃ রফিকুল ইসলাম
রেজিস্ট্রার

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট